

টেঁড়স / ভেভি (Okra)

জলবায়ু ও মাটি:

দোআঁশ ও বেলে দোআঁশ মাটি টেঁড়স/ভেভি চাষের জন্য উপযোগী। পানি নিষ্কাশনের সুবিধা থাকলে এঁটেল মাটিতেও চাষ করা যায়। টেঁড়স/ভেভি উৎপাদনের জন্য উষ্ণ জলবায়ু প্রয়োজন। শুষ্ক ও আর্দ্র উভয় অবস্থায় ভাল জন্মে।

জমি তৈরী ও বীজ বপন:

বাংলাদেশের আবহাওয়ায় প্রায় সারা বছরই চাষ করা যায়। তবে সাধারণত খরিফ মৌসুমে এর চাষ করা হয়। ফাল্গুন-চৈত্র ও আশ্বিন-কার্তিক মাস বীজ বোনার উপযুক্ত সময়। হেক্টর প্রতি ৪-৫ কেজি বীজ লাগে। বীজ বোনার আগে ২৪ ঘন্টা ভিজিয়ে নিতে হয়। গভীরভাবে চাষ ও মই দিয়ে মাটি ঝুরঝুরে করে চাষের জমি তৈরী করতে হয়। সারি থেকে সারির দূরত্ব ৪৫ সেমি এবং সারিতে ৩০ সেমি দূরে দূরে ২-৩ টি করে বীজ বুনতে হয়। চারা গজানোর পর প্রতি গর্তে একটি করে সুস্থ-সবল চারা রেখে বাকি চারা গর্ত থেকে উঠিয়ে ফেলতে হবে।

সারের পরিমান:

এলাকা ভিত্তিক মাটির উর্বরতা অনুযায়ী সারের মাত্রা ভিন্ন ভিন্ন হতে পারে।

সার	পরিমান (হেক্টরপ্রতি)
গোবর	১৮ টন
সরিষার খৈল	৪২৫ কেজি
ইউরিয়া	৫৫-৬০ কেজি
টিএসপি	৮৫-৯০ কেজি

সার	পরিমান (হেক্টরপ্রতি)
এমও পি	৫৫-৬০ কেজি

সার প্রয়োগ পদ্ধতি:

জমি তৈরী করার সময় ইউরিয়া সার বাদে বাকি সব সার মাটির সাথে ভালোভাবে মিশিয়ে দিতে হবে। সার মেশানোর ১০-১৫ দিন পর জমিতে টেঁড়শ/ভেল্ডি বীজ বপন করতে হয়। ইউরিয়া সার সমান দুই কিস্তিতে উপরি প্রয়োগ করতে হয়। প্রথম কিস্তি চারা গজানোর ২০ থেকে ২৫ দিন পর এবং দ্বিতীয় কিস্তি দিতে হবে চারা গজানোর ৪০-৫০ দিন পর।

সেচ ও পানি নিকাশ:

মাটির প্রকারভেদ অনুযায়ী ১০/১২ দিন পর পর সেচ দেয়া প্রয়োজন। প্রথম কিস্তি সার প্রয়োগের পর জমিতে সেচ দিতে হবে।

আগাছা পরিষ্কার:

নিড়ানি দিয়ে মাটির উপরিভাগ মাঝে মাঝে আলাগা করে দিতে হবে। জমি সবসময় আগাছা মুক্ত রাখতে হবে।

ফসল তোলা ও ফলন:

বীজ বোনার ৬-৮ সপ্তাহের মধ্যে এবং ফুল ফোটার ৩-৫ দিনের মধ্যে ফল আসা শুরু হয়। জাতভেদে ফল ৮-১০ সেন্টিমিটার লম্বা হলেই সংগ্রহ করতে হয়। গাছপ্রতি ২৫-৩০ টি ফল হয়।

ফলন হেক্টরপ্রতি ১৪-১৬ টন।